

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১০৮৫

আগরতলা, ১০ আগস্ট, ২০১৯

**ঈদ-উদ-জোহা (বকরিদ) উপলক্ষ্যে মুখ্যমন্ত্রীর শুভেচ্ছা**

ঈদ-উদ-জোহা (বকরিদ) উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব মুসলীম সম্প্রদায়ের জনগণ সহ সকল রাজ্যবাসীকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী বলেন, এই উৎসব ত্যাগ, তিতিক্ষা ও আত্মশুদ্ধির উৎসব। এই উৎসবের মাধ্যমে মানুষের প্রতি মানুষের ত্যাগ ও ভালোবাসার বার্তা ছড়িয়ে পড়ে। আত্মশুদ্ধি ও ত্যাগের মধ্য দিয়ে রচিত হোক পারস্পরিক সৌহার্দ্য। রাজ্যের উন্নয়নের ধারায় উৎসবের এই বার্তা প্রসারিত হোক।

এই উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী রাজ্যবাসীর সুখ ও সমৃদ্ধি কামনা করেছেন।

\*\*\*\*\*